# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবিএল)

**সোনাইমুড়ী শাখা, নোয়াখালী ।**

**এসহাক মিয়া সড়ক, মোতালেব প্লাজা (১ম তলা), সোনাইমুড়ী, নোয়াখালী।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক**

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সোনাইমুড়ী শাখা, নোয়াখালী এর ঋণ গ্রহিতা** প্রতিষ্ঠান মেসার্স রফিক ইলেক্ট্রিক এন্ড ইলেক্ট্রোনিক্স, মালিকঃ জনাব : মোঃ রফিক উল্যা, পিতাঃ মৃত আবদুল জলিল, মাতাঃ মৃত খায়ুরুন নেছা, ব্যবসায়িক ঠিকানাঃ রেলগেট, সোনাইমুড়ি বাজার, সোনাইমুড়ি, নোয়াখালী। স্থায়ী ঠিকানাঃ মুন্সি বাড়ি, গ্রামঃ সিলাদি (ওয়ার্ড নং-০৫), ডাকঘর: সিলাদি, থানাঃ সেনবাগ, জেলাঃ নোয়াখালী। তিনি ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, **সোনাইমুড়ি শাখায়** নিম্ন লিখিত তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৮/১১/২০২০ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৩৮,৯০,৭২৪.৪২ (কথায়ঃ আটত্রিশ লক্ষ নব্বই হাজার সাতশত চব্বিশ টাকা বিয়াল্লিশ পয়সা) মাত্র এবং অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র অবশ্যই শর্ত মুক্ত হইতে হইবে ।

**সম্পত্তির তফসিল**

| জেলা, থানা ও মৌজা, খতিয়ান নং ও দাগ নং, চৌহদ্দি ইত্যাদি । | মালিকের নাম | জমির পরিমান (মোট ৪১.১২ ডিং) |
|---|---|---|
| **১. ডি.এস প্লট নং ১০৯০, হাল বি.এস প্লট নং ১৬১৪** | মোঃ রফিক উল্যা, পিতাঃ মৃত আবদুল জলিল, মাতাঃ মৃত খায়ুরুন নেছা, মুন্সি বাড়ি, গ্রামঃ সিলাদি (ওয়ার্ড নং-০৫), ডাকঘর: সিলাদি, থানাঃ সেনবাগ, জেলাঃ নোয়াখালী। | **১০.০০ ডিং.** |
| **২. ডি.এস প্লট নং ১০৯৩, হাল বি.এস প্লট নং ১৫৯২, ডি.এস. খতিয়ান নং ৯, করসপন্ডিং এম.আর.আর. খতিয়ান নং ৩০৭.** | ঐ | **৮.২৫ ডিং.** |
| **৩. ডি.এস. প্লট নং ১০৯২, হাল বি.এস. প্লট নং ১৬১২, ডি.এস. খতিয়ান নং ৯, করসপন্ডিং এম.আর.আর. খতিয়ান নং ১১.** | ঐ | **১৯.৭৫ ডিং.** |
| **৪. ডি.এস. প্লট নং ১০৯১, হাল বি.এস. প্লট নং ১৫৯০, ডি.এস. খতিয়ান নং ৫১, করসপন্ডিং খতিয়ান নং ৬৬. বর্তমান জমাখারিজ খতিয়ান নং ৪০৭, এফ.এস. খতিয়ান নয় ৫০৫. ৩৫৬, ১১১ মৌজা সিলাইদি, জে.এল নং ডি.এস.৩০৩, বি.এস. ০২, উপজেলা সেনবাগ, জেলা নোয়াখালী । চৌহদ্দি ঃ উত্তরে গোলাম সরোয়ার, দক্ষিনে মোঃ রফিক উল্যা (নিজ), পুর্বে মাষ্টার দুলাল, পশ্চিমে ১৫ ফুট রাস্তা।** | ঐ | **৩.১২ ডিং.** |

# নিলামের শর্তাবলীঃ

১। আগামী ০৮.১২.২০২০ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সোনাইমুড়ি শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্র দাতাকে উদ্ধৃত দর অনূর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সোনাইমুড়ি শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্যান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। গৃহিত হয়নি অথবা সফল হয়নি এরুপ দরপত্র দাতাদের জমানতের টাকা ফেরত দেওয়া হইবে ।

৯। যদি কোন কারনে নিলাম বিক্রয় অনুষ্ঠান করা সম্ভব না হয় তাহার জন্য কাউকে কোন প্রকার ক্ষতিপূরন /সুদ প্রদান করা হইবে না ।

১০।ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করেন।

১১।দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

**শাখা ব্যবস্থাপক,**
**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ,**
**সোনাইমুড়ি শাখা, নোয়াখালী।**

**সূত্রঃ দৈনিক সমকাল, পাতা-৩, তারিখঃ ০৯/১১/২০২০ ইং**